কাজী নজরুল ইসলামের জন্মতিথি উদযাপনে মেহেরপুরে বাংলা একাডেমীর মহাপরিচালক

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৪ তম জন্ম তিথি উৎযাপন উপলক্ষে মেহেরপুর নজরুল একাডেমির উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার ২২ সেপ্টেম্বর রাতে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনাতনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বাংলা একাডেমির মহাপরিচালক মোহাম্মদ নুরুল হুদা তার বক্তব্যে বলেন,’কাজী নজরুল ইসলামের বল বীর, বল উন্নত মম শির কবিতাকে যিনি অন্তরে ধারন করেছিলেন তিনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বঙ্গবন্ধুর সাতই মার্চের ভাষণে আমি নিজে শুনেছিলাম বল বীর বল উন্নত মম শিরের ভাবার্থ যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তার ভাষণে বলেছিলেন যারা বিদেশ থেকে এসে দেশ দখল করেছে, যারা হানাদার তাদের কে তাড়াতে হবে।’

প্রধান অতিথির বক্তব্যে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সাহিত্য, কবিতা ও গান নিয়ে বিশদ আলোচনার পাশাপাশি জাতীয় কবি কাজী নজরুল ইসলামের রসবোধ নিয়েও আলোচনা করেন। এছাড়াও প্রতিমন্ত্রী বলেন, ‘শিল্পকলা একাডেমীর মহাপরিচালক মেহেরপুর শিল্পকলা একাডেমিতে এসেছেন এটা মেহেরপুর বাসির জন্য অত্যন্ত গর্বের ও আনন্দের।’

মেহেরপুর নজরুল একাডেমীর সভাপতি ড.গাজী রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। অনুষ্ঠানের উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন বাংলা একাডেমীর মহাপরিচালক মোহাম্মদ নুরুল হুদা। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদ চেয়ারম্যান আব্দুস সালাম, বাংলা একাডেমীর পরিচালক ড.আমিনুর রহমান, কথা সাহিত্যিক রফিকুর রশিদ, ইসলামী বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের অধ্যাপক ড.বাকী বিল্লাহ বিকুল, অধ্যাপক ড. ইয়াসমিন আরা সাথী, মেহেরপুর সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন।

গাংনীতে ৪র্থ লেখক-পাঠক সম্মেলন ২০২৩ অনুষ্ঠিত

আড়ম্বর পরিবেশে গাংনীতে বৃহত্তর কুষ্টিয়া জেলা লেখক-পাঠক ফোরামের ৪র্থ সম্মেলন ২০২৩ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার দিনব্যাপী বৃহত্তর কৃষ্টিয়া জেলা লেখক পাঠক ফোরামের আয়োজনে গাংনী উপজেলা পরিষদ সভাকক্ষে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

আয়োজনের মধ্যে ছিল লেখক পাঠকদের পরিচিতি ও সংক্ষিপ্ত আলোচনা সভা ও স্বরচিত কবিতা পাঠ।

সম্মেলনে গাংনী উপজেলা, চুয়াডাঙ্গা, জীবননগর, দামুড়হুদা, কুষ্টিয়া, আলমডাঙ্গা, মেহেরপুর জেলার প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে ছিটিয়ে থাকা কবি-সাহিত্যিক ও পাঠকবৃন্দ অংশ গ্রহণ করেন।

দিনব্যাপি এ আয়োজনে সভাপতিত্ব করেন, বৃহত্তর কুষ্টিয়া জেলা লেখক-পাঠক ফোরামের আহ্বায়ক শিক্ষাবিদ ও সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম।

এস এম সায়েম পল্টু ও বীর মুক্তিযোদ্ধা আবুল কাশেমের যৌথ সঞ্চালনায় সম্মেলনের ১ম পর্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে উদ্বোধনী বক্তব্য রাখেন, মেহেরপুর সরকারী মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম। প্রধান আলোচক ছিলেন, প্রথিতযশা সাহিত্যিক চুয়াডাঙ্গা সরকারী কলেজের সহযোগী অধ্যাপক মুন্সী আবু সাইফ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, কুষ্টিয়া সাহিত্য সাংস্কৃতি সংগঠক ও সাবেক শিক্ষক আলম আরা জঁই, চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি নজমুল হেলাল, গাংনী সরকারী ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম প্রমুখ।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বিশিষ্ট কলামিষ্ট ও জেলা লেখক পাঠক ফোরামের সেক্রেটারী সাংবাদিক রফিক উল আলম, হাটবোয়ালিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক সহকারী শিক্ষক ও সাংস্কৃতিক

ব্যক্তিত্ব মুক্তিযোদ্ধা আবুল কাশেম, চুয়াডাঙ্গা থেকে আগত সাহিত্যিক, ছড়াকার দৈনিক মাথাভাঙ্গার বার্তা সম্পাদক আহাদ আলী মোল্লা, সাংস্কৃতিক সংগঠক ও কবি তৌহিদ হোসেন, শিক্ষক আবুল কাশেম, রাবেয়া খাতুন রাবু, হাফিজুর রহমান, শফিউল ইসলাম, আলমডাঙ্গার সাবেক সাংসদ মকবুল হোসেন, আলমডাঙ্গা প্রেস ক্লাবের সেক্রেটারী সাহিত্যিক খন্দকার হামিদুল ইসলাম আজম, জামসিদুল হক মনি, জাহাঙ্গীর হোসেন, গাংনীর নুরজাহান বেগম, জাকিয়া আক্তার আলপনা, দিলারা আফরোজ, তানিয়া জামান পিংকী, শিশু কবি নওরিন জাহান রুষা, স্নেহা, প্রমুখ।

২য় পর্বে সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম ও এসএম সায়েম পল্টুর সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, প্রভাষক ফজিলা ইসলাম ফৌজি, সৈয়দ জাকির হোসেন, শফি কামাল পলাশ, আবুল কাশেম অনুরাগী, গীতিকার শহিদুল ইসলাম শাওন, গীতিকার আব্দুল হামিদ, গীতিকার আব্দুর রাজ্জাক, সাংস্কৃতিক কর্মী আজিজুল হক রানু, গীতিকার ও সাংবাদিক জুলফিকার আলী কাননসহ বৃহত্তর কুষ্টিয়া জেলার বিভিন্ন উপজেলা থেকে শতাধিক কবি সাহিত্যিক অংশগ্রহন করেন । উপস্থিত সকল কবি সাহিত্যিক বৃন্দ তাদের স্ব-রচিত কবিতা উপস্থাপন করেন।

পরিশেষে কুষ্টিয়া জেলা লেখক পাঠক ফোরামের পক্ষ থেকে বিশিষ্ট ছড়াকার -কবি হিসাবে স্বীকৃতি লাভ করায় চুয়াডাঙ্গার দৈনিক মাথাভাঙ্গা পত্রিকার সিনিয়র সাংবাদিক ও বার্তা সম্পাদক কবি আহাদ আলী মোল্লাকে সম্মাননা স্মারক ক্রেষ্ট উপহার প্রদান করা হয়।

শেষে অতিথিবৃন্দ সম্মেলনের ভূঁয়শী প্রশংসা করে মূল্যায়ন বক্তব্য রাখেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাকের বিদায়

সংবর্ধনা

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাককে গাংনী উপজেলা শিল্পকলা একাডেমির পক্ষ থেকে বিদায়ী সংবর্ধনা প্রদান করা হয়েছে।

গতকাল শনিবার দিবাগত রাতে উপজেলা শিল্পকলা একাডেমিতে এ সংবর্ধনা প্রদান করা হয়।

সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, গাংনীর শিক্ষাবিদ ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসলাম। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, গাংনী থানার বিদায়ী ওসি আব্দুর রাজ্জাক।

সাংবাদিক জুলফিকার আলী কাননের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, সিনিয়র সাংবাদিক ও সাংস্কৃতিক কর্মী আমিরুল ইসলাম অল্ডাম, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, তুলা উন্নয়ন বোর্ডের সাবেক কর্মকতার আব্দুল ওয়াদুদ, দেবীপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলাম, সাংস্কৃতিক কমী আজিজুল হক রানু ।

এছাড়াও অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা শিল্পকলা একাডেমির শিক্ষক এস এম সেলিম রেজা, সাংবাদিক ও সাংস্কৃতিক কর্মী সাহাজুল ইসলাম সাজু, চ্যানেল আই ক্ষুদে গানরাজ কন্ঠশিল্পী উদয় বাউল, প্রভাষক ও সাংবাদিক রফিকুল ইসলাম বকুল, কণ্ঠশিল্পী রোজিবুল ইসলাম, ও সাংবাদিক সাইদ হাসান প্রমুখ।

উল্লেখ্য, গাংনী থানার ওসি মোহাম্মদ আব্দুর রাজ্জাক বদলীজনিত কারনে যশোরের কতোয়ালী থানায় যোগদান করবেন। তিনি গাংনীতে ১ বছর ১০ মাস কর্মরত ছিলেন।

কার্পাসডাঙ্গায় জাতীয় কবির ৪৭

তম প্রয়ান দিবস পালন

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গাতে নানা আয়োজনের মধ্য দিয়ে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৪৭তম প্রয়ান দিবস পালিত হয়েছে।

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে রবিবার সকাল ৯ টা ৩০ মিনিটে কোরআন তেলওয়াত করেন কার্পাসডাঙ্গা হাদিকাতুল উলুম মাদ্রাসার সুপার মওলানা নুরুল আমিন, গীতা পাঠ করেন রঘুনাথ পাল, বাইবেল পাঠ করেন স্বাধীন মন্ডল এর মধ্যে দিয়ে অনুষ্ঠান শুরু হয়।

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গার আটচালা ঘর স্মৃতি বিজড়িত বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের মূর্যালে পুষ্পস্তবক অর্পণ করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

এসময় উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, নজরুল স্মৃতি সংসদের সভাপতি এম এ আব্দুল গফুর, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, সদস্য নজীর আহমেদ, চুয়াডাঙ্গার সম্মিলিত সাংস্কৃতিক জোট, শ্রী রঘুনাথ পাল, জালাল উদ্দীন, আলো মন্ডল, নিশাত শারমিন সোনিয়া, কার্পাসডাঙ্গা প্রেস ক্লাবের সভাপতি এম এ জলিল, ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মোস্তাফিজ কচি, যুবলীগ নেতা শফিউদ্দিন, স্থানীয় মিশনপল্লীর বাবু সরকার, মোজাম্মেল হক, মি: লিটন মন্ডল, মি: সনত মন্ডল, মি: বিকাশ মন্ডল, ইয়ামিন সহ স্থানীয় ব্যক্তিবর্গ।

সর্বশেষ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়।

গাংনীতে যাত্রাশিল্প পরিষদের সভাপতি আলী আজগর আর নেই

গাংনীতে যাত্রাশিল্প উন্নয়ন পরিষদের উপজেলা শাখার সভাপতি ও গাংনী সীমান্ত অপেরা’র সহকারী পরিচালক এবং উপজেলার গাঁড়াডোব গ্রাম

আওয়ামীলীগের সাবেক সাধারন সম্পাদক আলী আজগর (৫৮) মারা গেছেন।(ইন্নাইলাহি…… রাজিউন)।

আজ রবিবার মধ্যরাতে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি । তিনি বেশ কিছুদিন যাবত টাইফয়েড জ্বরে ভুগছিলেন।

আলী আজগর উপজেলার গাঁড়াডোব (পোড়াপাড়া) গ্রামের মৃত আওলাদ হোসেনের মেজো ছেলে।
রবিবার বাদ জোহর গাঁড়াডোব কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে জানাযা শেষে নিকটস্থ গাঁড়াডোব কেন্দ্রীয় গোরস্থানে দাফন সম্পন্ন করা হয়েছে।

মরহুম আলী আজগর তার স্ত্রী, ২ কন্যা -জামাইসহ অসংখ্য আত্মীয় ও শুভাকাঙ্খী রেখে গেছেন।

আজগর আলীর মৃত্যুতে গভীর শোক জানাতে নামাজের জানাযায় উপস্থিত থেকে মেহেরপুর-২ গাংনী আসনের জাতীয় সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, উপজেলা আওয়ামীলীগের সেক্রেটারী মোখলেছুর রহমান মুকুল, সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সেক্রেটারী অধ্যাপক সাইদুর রহমান, যুগ্ম সাধারন সম্পাদক মহিদুল ইসলাম মুহিত, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, সেক্রেটারী হাজী শফি কামাল পলাশ, যুগ্ম সম্পাদক মজিরুল ইসলাম, গাংনী যাত্রাশিল্প উন্নয়ন পরিষদের সেক্রেটারী সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ। মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা ও শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান।

দামুড়হুদায় ২দিনব্যাপী উপজেলা সাহিত্য মেলা-২০২৩ উদ্ধোধন

দামুড়হুদা উপজেলায় ২দিনব্যাপী উপজেলা সাহিত্য মেলা-২০২৩ উদ্বোধন করা হয়েছে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কবি সাহিত্যিক শিল্পীরাও অগ্রণী ভূমিকা রাখবেন বলে আশা ব্যক্ত করেছেন দামুড়হুদা উপজেলা

পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু ও উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় ও দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে গতকাল বৃহস্পতিবার উপজেলা অডিটোরিয়ামে মেলার উদ্বোধন করা হয়। সাহিত্য মেলা উদ্বোধন করেন প্রধান অতিথি উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি জেলা গ্রন্থাগারের লাইব্রেরীয়ান মুনমুন। এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজ বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মুন্সী আবু সাইফ ।

এসময় সাহিত্য মেলার উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বলেন, কবি সাহিত্যিকদের সৃষ্টিকর্ম জাতীয় পর্যায়ে তুলে ধরার লক্ষ্যে দেশের প্রতিটি উপজেলায় সাহিত্য মেলার আয়োজন করেছে সরকার। এ মেলার মাধ্যমে উপজেলা পর্যায়ে সাহিত্যের প্রসার ঘটানোর পাশাপাশি স্থানীয় সাহিত্যিকদের সাহিত্য কেন্দ্রীয় সাহিত্যে একীভূত করতে চেয়েছে সরকার। উপজেলার বিভিন্ন এলাকায় যেসব কবি-সাহিত্যিক ও লেখক ছড়িয়ে–ছিটিয়ে আছেন দেখা যায় তাদের সাহিত্যকর্ম সাধারণ মানুষের কাছে পৌঁছায় না। যথাযথ পৃষ্ঠপোষকতা,সংগ্রহ-সংরক্ষণের অভাবে বেশিরভাগ ক্ষেত্রেই হারিয়ে যায়। কবি সাহিত্যিকদের জন্য সরকারের এই উদ্যোগ, যাতে তারা হারিয়ে না যায়।

এরপর বেলা সাড়ে ১১টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় দর্শনা সরকারি কলেজের সাবেক অধ্যাপক ও নজরুল স্মৃতি সংসদের সভাপতি আব্দুল গফুরের সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা সাহিত্য পরিষদের সভাপতি ইসমাইল হোসেন, আলমডাঙ্গা উপজেলা সাহিত্য পরিষদের সভাপতি ওমর আলী, চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ, দর্শনা সাহিত্য পরিষদের উপদেষ্টা আবু সুফিয়ান।
অনুষ্ঠানে আলোচক হিসেবে আলোচনা রাখেন চুয়াডাঙ্গা সরকারি কলেজ বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মুন্সী আবু সাইফ। এসময় স্বরচিত প্রবন্ধ পাঠ করেন দামুড়হুদা উপজেলা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক সার্থক আলীম।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, সহকারী কমিশনার (ভূমি)

সজল কুমার দাস,সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী।

সভায় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা জানান, ২৭ ও ২৮ জুলাই উপজেলার অডিটোরিয়ামে দুই দিনব্যাপী সাহিত্য মেলার আয়োজন করা হয়েছে। আয়োজকদের পক্ষ থেকে জানানো হয় উপজেলায় যারা শিল্প-সাহিত্যের সাথে জড়িত, সাহিত্যিক ও নবীণ লেখক রয়েছেন তারা প্রথম দিন নাম রেজিস্ট্রেশন করে মেলায় অংশ নিতে পারবেন। বিকাল ৩টায় কবি সাহিত্যিকদের স্বরচিত ছড়া,কবিতা,প্রবন্ধ পাঠ ও অভিজ্ঞতা শেয়ার করেন।

মুজিবনগরে দুইদিন ব্যাপি সাহিত্যমেলা ও কবিতা উৎসবের উদ্বোধন

বাংলা একাডেমির সমন্বয়ে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতা ও জাতীয় গ্রন্থকেন্দ্রের সহযোগিতায় উপজেলা পর্যায়ের সাহিত্যিকদের সূষ্টিকর্ম জাতীয় পর্যায়ে তুলে ধারার লক্ষ্যে মুজিবনগরে দুইদিন ব্যাপি সাহিত্য মেলা ও কবিতা উৎসব শুরু হয়েছে।

উপজেলা প্রশাসনের আয়োজনে বৃহস্পতিবার দুপুরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দুইদিন ব্যাপি এই সাহিত্য মেলার শুভ উদ্বোধন ঘোষনা করেন মেহেরপুর ১ আসনের সাংসদ সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

জেলা প্রসাশক শামীম হাসানের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার রাফিউল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক আব্দুল কাদির মিয়া, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল মেহেরপুর জেলা আওয়ামীলীগের যুগ্মসাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমান হোসেন মিলু, বাগোয়ান

ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন,

উপজেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক জাহিদ হাসান রাজিবের সঞ্চালনায় বক্তব্য দেন মেহেরপুর সরকারি কলেজের প্রফেসর বিশিষ্ট সাহিত্যিক আল-আমিন ধুমকেতু, উপজেলা বিশিষ্ট কবি আনোয়ারুল আইয়ুব।

উদ্বোধন শেষে বিকেলে উপজেলা পর্যায়ের বিভিন্ন কবি, সাহিত্যিক ও প্রাবন্ধিকদের উপস্থিতিতে লেখক কর্মশালা ও সাহিত্য আড্ডা অনুষ্ঠিত হয়েছে।

সকালে মুজিবনগর উপজেলার সাহিত্য কবিতা উৎসব উপলক্ষে সাহিত্যিক কবিদের রেজিস্ট্রেশন করা হয় উপজেলায় সাহিত্য মেলা কবিতা উৎসবে ৬টি ক্যাটাগরিতে ১০৬ জন রেজিস্ট্রেশন সম্পন্ন করেন।

মেহেরপুরে অসচ্ছল সাংস্কৃতিসেবীদের মাঝে চেক বিতরণ

মেহেরপুর জেলার তালিকা ভুক্ত অসচ্ছল সাংস্কৃতিসেবীদের মাঝে অনুদানের চেক বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মোট ১ লক্ষ ৪৭ হাজার টাকার চেক বিতরণ করা হয়।

জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ আব্দুল কাদির মিয়া, সিভিল সার্জন ডা: জওয়াহেরুল আনাম সিদ্দিকী, মেহেরপুর জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, মেহেরপুর জেলা ক্রীড়া অফিসার

আরিফ আহমেদ, মেহেরপুর জেলা পরিসংখ্যান কার্যালয়ের উপপরিচালক মোঃ বসির উদ্দিন, মেহেরপুর সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন নেছা লতা, আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান সেলিম রেজা সহ বিভিন্ন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

এ সময় মেহেরপুর জেলার অসচ্ছল সাংস্কৃতিসেবী ৯ জনের মাঝে ১ লক্ষ ৪৭ হাজার টাকার চেক বিতরণ করা হয়।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদে ১৪৯৫ তম পদধ্বনি পর্ব অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের কার্যালয় কুঞ্জ আফিয়েতে আজ শুক্রবার সন্ধ্যা সাড়ে সাতটার সময় সাপ্তাহিক পদধ্বনি অনুষ্ঠিত হয়েছে।

১৪৯৫ তম এই আসরে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল। স্বরচিত লেখা পাঠ করেন খন্দকার রোকনুজ্জামান, গোলাম কবীর মুকুল, আবু নাসিফ খলিল, সুমন মালিক, হুমায়ুন কবীর, এম এ মামুন, হারুন অর রশিদ, তপন তুমার পাল, শিরোনাম মেহেদী, ডা. তোফাজ্জল হোসেন, সুমন ইকবাল, চিত্তরঞ্জন সাহা চিতু, আসাদুজ্জামান আসাদ, কাজল মাহমুদ, লিয়ন খন্দকার প্রমুখ। স্বরচিত লেখার উপর বিশদভাবে আলোচনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহয়োগী অধ্যাপক মুন্সি আবু সাইফ। ইংরেজি সাহিত্যের উপর আলোচনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান সহয়োগী অধ্যাপক খোন্দকার রোকনুজ্জামান।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সাধারণ সম্পাদক সুমন ইকবাল। চিয়ারত সাহিত্য থেকে কবিতা পাঠ করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ, সহ সভাপতি এ্যাড. বজলুর রহমান এবং খন্দকার রাবিয়া খাতুন রাবু । অনুষ্ঠান শেষে উপস্থিত সকলকে অভিনন্দন জানিয়ে সভাপতি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

আজকের শিশু শুধু আগামী দিনের ভবিষ্যৎ নয়, তারা অমুল্য বর্তমান – জেলা প্রশাসক আজিজুল ইসলাম

মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম বলেছেন, আজকের শিশু শুধু আগামী দিনেরর ভবিষ্যৎ নয়, তারা অমুল্য বর্তমান। একজন শিশুর মধ্যে যে প্রতিভা ও সম্ভাবনা লুকায়িত আছে, তার মধ্যেই আমাদের ভবিষ্যৎ সম্ভাবনা আছে।

আজ মঙ্গলবার বেলা ১১ টার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে বাংলাদেশ শিশু একাডেমির উদ্যোগ জেলা পর্যায়ে সাংস্কৃতিক উৎসব ২০২৩ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন উপলক্ষে প্রধান অতিথির বক্তব্যে মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম এসব কথা বলেন।

মেহেরপুর জেলা শিশু বিষয়ক কর্মকর্তার আয়ূব হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক অধ্যাপক সাইদুর রহমান ও মেহেরপুর সাহিত্য পরিষদের সভাপতি নুরুল আহমেদ।

মেহেপুর জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুনের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা সমবায় অফিসার ও গাংনী উপজেলা শিল্পকলা একাডেমির প্রতিনিধি মাহাবুবুল হক মন্টু।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম আরও বলেন, বীজ ভাল না হলে ফল ভাল হবে না। একজন শিশুর মধ্যে যে সম্ভাবনা লুকায়িত আছে, তার মধ্যে আমাদের ভবিষ্যৎ রচনা হবে। শিশুরা শুধু ভবিষ্যাতে নয়, তারা বর্তমানেও অনেক বড় মুল্যবান। তাই আমরা শিশুদের বর্তমানকেও গুরুত্ব দিতে চাই।

শিশুদের উদ্যেশ্যে জেলা প্রশাসক বলেন প্রথম হওয়ার জন্য নয়,

প্রতিযোগীতায় অংশগ্রহণ করলে নিজের মধ্যে আত্মবিশ্বাস, দৃঢ়তা আর সাহষ বাড়ে।তাই প্রতিযোগীতায় অংশ নিতে হবে। তিনি আরোও বলেন, শিশুদের শুধু আগামী দিনের ভবিষ্যত বললে কম বলা হয়, তাদের বর্তমান সম্ভাবনাকে অস্বীকার করা হয়। তারা শুধু আগামী দিনের ভবিষ্যত নয়, অমূল্য বর্তমানও।

জেলা পর্যায়ে সাংস্কৃতিক উৎসব ২০২৩ এ মেহেরপুর জেলার গাংনী উপজেলা শিল্পকলা একাডেমি, মুজিবনগর উপজেলা শিল্পকলা একাডেমি, মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয় ও মেহেরপুর জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের শিল্পীরা সংগীত, কবিতা আবৃত্তি ও নৃত্য পরিবেশন করেন।